



## জাতীয় গ্রন্থকেন্দ্র

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০



পিএবিএক্স (অটো) : ২২৩৩৮৫৭৪৩; ২২৩৩৫০৫৮২, ফ্যাক্স : ২২৩৩৫২২১১

E-mail: [granthakendro.org@gmail.com](mailto:granthakendro.org@gmail.com) web: [www.jgk.gov.bd](http://www.jgk.gov.bd)

### পুস্তক ক্রয়ের জন্য গ্রন্থ-তালিকা (ক্যাটালগ) আহ্বান

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের আবর্তক ব্যয় খাত থেকে নির্বাচিত বেসরকারি গ্রন্থাগারসমূহকে জাতীয় গ্রন্থকেন্দ্রের মাধ্যমে অনুদান হিসেবে সরবরাহের লক্ষ্যে গ্রন্থ সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে 'বেসরকারি গ্রন্থাগারে অনুদান বরাদ্দ, বই নির্বাচন ও সরবরাহ নীতিমালা ২০২৩ (সংশোধিত)' এর আলোকে গ্রন্থ সরবরাহ করতে আগ্রহী প্রকাশনা প্রতিষ্ঠান/লেখককে নিম্নোক্ত শর্তাবলি অনুসরণে প্রকাশিত গ্রন্থের হালনাগাদকৃত ও মুদ্রিত/কম্পোজকৃত তালিকা (ক্যাটালগ) আগামী ৩১ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ৫/সি বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা ১০০০-এর দপ্তরে জমা প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

#### শর্তাবলি

- (ক) তালিকাভুক্ত (ক্যাটালগভুক্ত) গ্রন্থ ০১ জুলাই ২০২০ হতে ৩০ জুন ২০২৩ সময়ের মধ্যে বাংলাদেশ থেকে প্রকাশিত হতে হবে।
- (খ) তালিকায় বিদ্যমান কপিরাইট আইন পরিপন্থী, পাইরেটেড কোনো গ্রন্থ থাকলে সংশ্লিষ্ট প্রকাশনা প্রতিষ্ঠানকে নির্বাচন প্রক্রিয়া থেকে বাদ দেয়াসহ আইনগত ব্যবস্থা নেয়া হবে;
- (গ) আগ্রহী প্রকাশনা প্রতিষ্ঠান কেবল নিজ প্রতিষ্ঠানের গ্রন্থ-তালিকা (ক্যাটালগ) সরবরাহ করতে পারবে এবং আবশ্যিকভাবে নিম্নোক্ত ছক অনুসরণে সঠিকভাবে তথ্য বিন্যাসপূর্বক পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র বরাবর লিখিত পত্রসহ যথানিয়মে ৬ সেট গ্রন্থ-তালিকা জমা দিতে হবে। একইসঙ্গে গ্রন্থ-তালিকার একটি সিডি (MS Word Format; Table-এ Column, Rows; Sutony MJ; 14 Font)-এ জমা দিতে হবে। কোনোভাবেই ছক পরিবর্তন করা যাবে না।

ক্রমিক	লেখকের নাম	গ্রন্থের শিরোনাম	বিষয়/ধরন	প্রকাশনা প্রতিষ্ঠানের নাম	গ্রন্থ প্রকাশের তারিখ	মূল্য	কাগজের ধরন	পৃষ্ঠা সংখ্যা	আইএসবিএন	মন্তব্য (প্রযোজ্য ক্ষেত্রে)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

বিশেষ দ্রষ্টব্য: নীতিমালা অনুযায়ী প্রাপ্ত ক্যাটালগ হতে গ্রন্থের একটি প্রাথমিক তালিকা তৈরি করা হবে। উক্ত তালিকার ভিত্তিতে সংশ্লিষ্ট প্রকাশনা প্রতিষ্ঠান/লেখক-এর নিকট থেকে প্রাথমিকভাবে নির্বাচিত গ্রন্থ/গ্রন্থসমূহের একটি করে নমুনা কপি এবং প্রয়োজনীয় কাগজপত্র/দলিলাদি সংগ্রহ করা হবে। প্রাপ্ত নমুনা কপি এবং কাগজপত্র/দলিলাদি যাচাই-বাহাই করে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গঠিত 'বই নির্বাচন কমিটি' যথানিয়মে নির্বাচিত গ্রন্থের চূড়ান্ত তালিকা প্রণয়ন করবে।

  
১৯/০৯/২৩  
(মিনার মনসুর)  
পরিচালক  
জাতীয় গ্রন্থকেন্দ্র